

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-৫ শাখা।

নং-৪৫.১৪৬.০০৭.০০.০০.০০২.২০১২-৫০৬


তারিখঃ ০৮-০৫-২০১২ খ্রিঃ।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ধারাবাহিকভাবে সম্পাদনের লক্ষ্যে বছর ভিত্তিক প্রতিবেদন প্রণয়ন করা প্রয়োজন। সে লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত দপ্তর/সংস্থা হতে প্রতিবেদন আকারে তথ্যাদি সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত সংস্থার পরিচিতি, কর্মপরিধি, সাংগঠনিক কাঠামো, কর্মবন্টন, কর্ম সম্পাদন, বাজেট বরাদ্দ, ব্যয় ও ভবিষ্যৎ পরিকল্পনা সংক্রান্ত তথ্যাদির সফট কপি নিকস ফণ্টে নিম্ন স্বাক্ষরকারী কর্মকর্তার ই-মেইলে (nusratirin76@gmail.com) এবং হার্ড কপি পার-৫ শাখায় (বিশেষ বাহক মারফত) আগামী ১৫ মে ২০১২ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ প্রতিবেদন প্রস্তুতির বিষয়ে সহায়ক তথ্য।


(নুসরাত আইরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৫২৯৪৪

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (সকল মেডিকেল কলেজ/হাসপাতাল/বিশেষায়িত হাসপাতালের তথ্যাদিসহ)।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন পরিদপ্তর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, মেডিকেল কলেজ, ঢাকা/স্যার সলিমুল্লাহ/সোহরাওয়ার্দী/রাজশাহী/রংপুর/বগুড়া/দিনাজপুর/বরিশাল/ময়মনসিংহ/ফরিদপুর/খুলনা/সিলেট/চট্টগ্রাম/কুমিল্লা/কক্সবাজার/পাবনা/নোয়াখালী/যশোর।
- ৪। পরিচালক, মেডিকেল কলেজ, ঢাকা/স্যার সলিমুল্লাহ/সোহরাওয়ার্দী/রাজশাহী/রংপুর/বগুড়া/দিনাজপুর/বরিশাল/ময়মনসিংহ/ফরিদপুর/খুলনা/সিলেট/চট্টগ্রাম/কুমিল্লা/কক্সবাজার/পাবনা/নোয়াখালী/যশোর।
- ৫। নির্বাহী পরিচালক, জাতীয় পুষ্টি কার্যক্রম, বাড়ী-৪৬, রোড-৫, ধানমন্ডি, ঢাকা।
- ৬। যুগ্মপ্রধান(স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সোশ্যাল হেলথ ইনসিওরেন্স সংক্রান্ত)।
- ৭। যুগ্মপ্রধান(পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সেক্টর ওয়াইড কর্মসূচি)।
- ৭। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৯। রেজিষ্টার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
- ১০। প্রশাসক, বিএভিএস, প্লট নং-৭/৫/১ বড়বাগ, প্রধান সড়ক, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ১১। পরিচালক, ফার্মালিটি এন্ড সার্ভিসেস ট্রেনিং সেন্টার, মোহাম্মদপুর, ঢাকা।
- ১২। উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মধ্য মেয়াদী বাজেট পদ্ধতি, সমস্যা এবং সম্ভাবনা)।
- ১৩। উপপ্রধান (মানব সম্পদ উন্নয়ন ইউনিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ১৫। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

সহায়ক তথ্য

- সংস্থার পরিচিতিঃ এ অংশে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের সাধারণ পরিচিতি, সংক্ষিপ্ত বর্ণনায় তুলে ধরতে হবে।
- কর্মপরিধিঃ সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের কর্মপরিধি এ অংশে সুস্পষ্টভাবে তুলে ধরতে হবে।
- কর্মবন্টনঃ সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের বিভাগ ভিত্তিক কর্মবন্টন এ অংশে উল্লেখ করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকান্ড যে সমন্বিত ব্যবস্থাপনায় সম্পাদিত হয় তার বিষয়ে (শাখা/বিভাগ ভিত্তিক) সংক্ষিপ্ত তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।
- কর্মসম্পাদনঃ সম্পাদিত কার্যাবলী বিষয়ে এ অংশে হ্রদয়গ্রাহী একটি বর্ণনা তুলে ধরা যেতে পারে। বর্ণিত সময়কালে অর্জনকৃত সফলতা, বিশেষ অর্জন, সেবার মান উন্নয়নে গৃহীত বিশেষ উদ্যোগ ইত্যাদি বিষয়ে তথ্য প্রদান করা যায়।
- বাজেট বরাদ্দঃ সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের বাজেট বরাদ্দ, খাত ভিত্তিক বন্টন, উন্নয়ন, ব্যয় ইত্যাদি বিষয়ে তথ্য তুলে ধরতে হবে।
- ভবিষ্যৎ পরিকল্পনাঃ সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের ভবিষ্যৎ পরিকল্পনা এ অংশে উল্লেখ করতে হবে।
- অন্যান্যঃ সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের কার্যক্রম, উদ্যোগ বিষয়ে ছবি প্রেরণ করা যাবে।
- প্রতিবেদন প্রস্তুতে যে কোন তথ্য সহায়তার জন্য নিম্নোক্ত ফোন নাম্বারে যোগাযোগ করা যাবে।

ফোন-৯৫৫২৯৪৪

মোবাইলঃ ০১৮১৬১৯৫২৭৬

